ডাটাবেজ হতে পারে আপনার ক্যারিয়ার

ক্যারিয়ার ভাবনা

নেটওয়ার্কিং খুব ভাল লাগে। আবার প্রোগ্রামিংয়েও আগ্রহ আছে। এমনটি যদি হয় আইটির ক্যারিয়ার বেছে নেবার ক্ষেত্রে আপনার প্রাথমিক দ্বিধা-তাহলে সম্ভবত ডাটাবেসই আপনার ক্যারিয়ার। ডাটাবেস শব্দটার সাথে যারা পরিচিত-তারা অন্তত এটুকু জানেন ডাটাবেসগুলো ডাটা সংরক্ষণে বিশেষ পদ্ধতি ব্যবহার করে এবং ডাটা খুঁজে বের করার জন্য একাধিক সার্চিং মেথড দিয়ে থাকে। আর বর্তমানের ডাটা-বেসগুলোর সবগুলোই নেটওয়ার্কিং উপযুক্ত হওয়ায় ডাটাবেসগুলোতে নেটওয়ার্কিং বিষয়ক কাজও থাকে প্রচুর।



বর্তমানে ডাটাবেসে ক্যারিয়ার গড়তে চাইলে ওরাকল, মাইক্রোসফট সিকুয়েল সার্ভার এবং হাল আমলের ফ্রি ডাটাবেস মাইসিকুয়েল-এর কোন একটিকেই বেছে নিতে হবে আপনার।

ওরাকল ডাটাবেসটি ডাটাবেস লিডার ওরাকল কর্পোরেশনের তৈরী এবং বর্তমানে ডাটাবেস হিসেবে শীর্ষস্থান দখল করে আছে। ওরাকলে ডাটাবেস প্রফেশনাল হতে চাইলে বেশ কয়েকভাবেই তা হওয়া যায়। আর এ বিষয়ে আমাদের দেশে বই যেমন প্রচুর পাওয়া যায়-তেমনি ট্রেনিং সেন্টারও আছে পর্যাপ্ত। আর বিশ্ববাজারে ওরাকল ডাটাবেস প্রফেশনালদের চাহিদাও রয়েছে প্রচুর এবং তাদের বেতনও বেশ আকর্ষণীয়।

জনপ্রিয়তার দিক থেকে বর্তমানে মাই সিকুয়েলের অবস্থান প্রথমে হলেও এটি মূলত ওয়েব বেইজ ডাটাবেস হিসেবে সর্বাধিক ব্যবহৃত হচ্ছে।

এ বিষয়ে বর্তমানে দেশে-বিদেশে প্রচুর ডাটাবেস প্রফেশনালের চাহিদা রয়েছে। আর তাদের বেতনও বেশ ভালো।

সফটওয়্যার জায়েন্ট মাইক্রোসফটের সিকুয়েল সার্ভার এক্ষেত্রে পিছিয়ে থাকলেও এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে সিকুয়েল সার্ভারের ব্যবহারসহ এ বিষয়ে ডাটাবেস প্রফেশনালদের বেশ চাহিদা রয়েছে। এবং অন্যান্যদের মতই সিকুয়েল সার্ভার প্রফেশনালদের বেতনও বেশ আকর্ষণীয়।

ডাটাবেস প্রফেশনাল হিসেবে বেশ অনেক ধরনের কাজ করা সম্ভব। ডাটাবেস অপারেটর, ডাটাবেস ডেভেলপার এবং ডাটাবেস অ্যাডমিনিস্ট্রেটর হলো ডাটাবেসের প্রধান তিনটি পদ। ডাটাবেস অপারেটররা মূলত ডাটাবেসের এনভায়রনমেন্টে অপারেটর হিসেবে কাজ করেন। ডাটাবেসের সিকুয়েল ল্যাঙ্গুয়েজ ব্যবহার করে ডাটা ইনসার্ট, আপডেট, ডিলিট ও সার্চ করাই ডাটাবেস অপারেটরদের মূল কাজ। ডাটাবেস ডেভেলপাররা মূলত ডাটাবেস ডিজাইন তৈরী করেন। ডাটাবেসের বিভিন প্রোগ্রামিংয়ের মাধ্যমে ডাটার ভ্যালিডিটি চেকিংয়ের ব্যবস্থা করাও ডাটাবেস ডেভেলপারদেই দায়িত্ব। মূলত ডাটাবেস ডেভেলপাররাই ডাটাবেস প্রোগ্রামিং করে থাকেন।

ডাটাবেস অ্যাডমিনিস্টেটরদের মূলত দায়িত্ব ডাটাবেস ইনাটল করা এবং নেটওয়ার্কে ডাটাবেসের এক্সেস নিশ্চিত করা। তাছাড়া নিয়মিত ডাটার ব্যাকআপ নেয়া এবং প্রয়োজনমত ব্যাকআপকৃত ডাটা রিস্টোর করার মত ডাটার রক্ষণা-বেক্ষণের কাজটিও ডাটাবেস অ্যাড-মিনিস্ট্রেটরদেরকেই করতে হয়। যে কোন ডাটাবেসই হোক কিংবা যেকোন পদই হোক ডাটাবেস প্রফেশনালদের প্রয়োজন হবে এই শতকের সব আইটি সেক্টরে।

আর পেশা হিসেবে ডাটাবেসকে বেছে নিতেও গণিতে অত্যাধিক দক্ষ হওয়া কিংবা ব্যবসা সম্পর্কিত প্রচুর জ্ঞান থাকার প্রয়োজন নেই।

শুধু প্রয়োজন হবে সাধারণ বুদ্ধিমত্তার এবং তার উন্মেষে প্রচুর পরিশ্রমের। আর তাতেই আপনি হতে পারবেন আইটি সেক্টরের একটি গুরুত্বপূর্ণ পেশারজীবী।

❏ মোঃ মারুফ হোসেন

কম্পিউটার মেলার র‌্যাফল ড্র অনুষ্ঠিত

সদ্য সমাপ্ত বিসিএস কম্পিউটার শো ২০০২-এর প্রবেশ টিকেটের উপর একটি র‌্যাফল ড্র গত ১৩ই মার্চ অনুষ্ঠিত হয়েছে। র‌্যাফল ড্রতে প্রথম পুরস্কার একটি টয়োটা করোলা ডিএক্স গাড়ী লাভ করেছে ১০২৯৭৭ নম্বর কুপন। দ্বিতীয় পুরস্কার একটি ল্যাপটপ কম্পিউার লাভ করেছে ৭৭০৬১ এবং তৃতীয় পুরস্কার একটি ১৭ ইঞ্চি রঙ্গিন ম্যামসুং মনিটর পেয়েছে ৬৩৪ নম্বর কুপন।

বিজয়ীদেরকে আগামী ৩০শে এপ্রিল-এর মধ্যে কুপনের ফটোকপি বিসিএস-এর অফিসে যোগাযোগ করতে বলা হয়েছে। ফোন ঃ ৯৬৭০৯৫৫। –তথ্যপ্রযুক্তি ডেস্ক

পাঠকদের প্রতি

কম্পিউটার ও তথ্য প্রযুক্তি সংক্রান্ত যেকোন বিষয়ে আপনার যেকোন ধরনের জিজ্ঞাসা, মতামত আমাদের লিখে জানান।

যোগাযোগ– তথ্য প্রযুক্তি, দৈনিক ইত্তেফাক, ১নং আর কে মিশন রোড, ঢাকা-১২০৩। ফ্যাক্স-৭১২২৬৫১-৫৩।

ই-মেইল- ittefaq_it@ittefaq.com

উইন্ডোজ এক্সপি টিপস

উইন্ডোজের প্রচলিত ভার্শনগুলোতে বিভিন্ন ফাইল যেমন-ওয়ার্ড এক্সেল, এমপি থ্রী ইত্যাদির প্রোপার্টিজের মাধ্যমে টাইটেল, অথর, সাবজেক্ট, আর্টিস্টোটর নাম ইত্যাদি সহজেই দেখা যায়। কিন্তু উইন্ডোজ এক্সপিতে এ সকল ফাইলের প্রোপার্টিজ না খুলেই আরও বেশী পরিমাণ তথ্য দেখা সম্ভব। এজন্য প্রথমে সিলেক্ট করুন view> choose details (উইন্ডোজ মি এবং ২০০০-এর ক্ষেত্রে choose columns)। এবার নির্দিষ্ট ফাইলটিতে টিক দিয়ে ওকে করুন। তবে ক্যাটাগরি ভিত্তিতে সাজাতে চাইলে ফাইল লিস্টের উপরের column headings-এ রাইট ক্লীক করুন। আর তাকে পছন্দ মতো ক্যাটাগরি না পেলে ক্লীক করুন More...... বাটনে এরপর choose details dialog box এ।

না খুলেই ছবি দেখুন

যে ফোল্ডারে গ্রাফিক্স ফাইল আছে তাতে প্রবেশ করুন। এবার সিলেক্ট করুন View>Film strip। ছবির ফাইলটি সিলেক্ট করলেই এক্সপ্লোরার প্যানের উপরের ডান দিকে প্রিভিউ দেখা যাবে। এর নিচেই থাকছে স্লাইড শো আগে-পিছে করার এবং ইমেজ রোটেট করার দু'টি আলাদা বাটন। তবে View মেনুতে যদি Film strip অপশন না থাকে তাহলে সিলেক্ট করুন View>Customize this tolder। Customize ট্যাবে ক্লীক করুন। ড্রপ ডাউন লিষ্ট থেকে Photo Album সিলেক্ট করে ok করুন।

❏ শারীফ আল মাহমুদ

তথ্যপ্রযুক্তি বিষয়ক চাকরি

১. পদ–কম্পিউটার ল্যাব এসিটেন্ট। যোগ্যতা–ডিপ্লোমা ইন হার্ডওয়্যার ইঞ্জিনিয়ারিং। যোগাযোগ– ডাইরেক্টর-এডমিনিস্ট্রেশন, ইউনিভার্সিটি অব বেঙ্গল। জিপিও পোস্ট বক্স নং-২৬৮০, ঢাকা-১০০০।

(তথ্যসূত্র ডেইলী স্টার, ৭ই এপ্রিল)।

২. পদ–কম্পিউটার অপারেটর।

যোগ্যতা স্নাতক ডিগ্রীসহ কম্পিউটারের যাবতীয় কাজ এককভাবে সম্পন্ন করার অভিজ্ঞতা থাকতে হবে। বাংলা ও ইংরেজী টাইপে হাত চালু হতে হবে। যোগাযোগের শেষ তারিখ-২৭শে এপ্রিল। যোগাযোগ-ব্যবস্থাপনা পরিচালক, এলিগ্যান্স ওরিয়েন্টলি, ৯ নং শালিকচুড়া, এরশাদনগর, টঙ্গী, গাজীপুর-১৭১২। (তথ্যসূত্র ইত্তেফাক-১২ই এপ্রিল)

৩. পদ–হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার।

যোগ্যতা-বিএসসিসহ কম্পিউটার হার্ডওয়্যার, এসেম্বলিং ও মেইনটেন্যান্স-এ ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

পদ– নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার। যোগ্যতা–বিএসসি/বিইসহ কম্পিউটার নেটওয়ার্কিং ও ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এমসিএসডি/সিসিএনএ সার্টিফিকেটধারী প্রার্থীদের অগ্রাধিকার।

পদ–মার্কেটিং এক্সিকিউটিভ। যোগ্যতা– বাণিজ্যে স্নাতক। ইনফরমেশন টেকনোলজি সেক্টরে কমপক্ষে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। যোগাযোগের শেষ তারিখ-২২শে এপ্রিল যোগাযোগ-ম্যানেজার (এইচআরডি), ডলফিন কম্পিউটার্স লিঃ, এ্যাংকর টাওয়ার (৯ম তলা) সোনারগাঁও রোড, ঢাকা। (তথ্যসূত্র–ডেইলী স্টার, ১১ই এপ্রিল)।

৪. পদ–সিস্টেমস ম্যানেজার। যোগ্যতা– কম্পিউটার সায়েন্স। কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রনিক্স- এ মাস্টার্স। নোভেল/লিনআক্স/উইন্ডোজ এনটিতে কাজ করার অভিজ্ঞতাসহ নেটওয়ার্ক এ্যাডমিনিস্ট্রেশন ও সিস্টেম ম্যানেজমেন্ট-এ ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

বেতন-৩০,০০০ টাকা। ৬০,০০০ টাকা।

পদ–নেটওয়ার্ক ম্যানেজার। যোগ্যতা-কম্পিউটার সায়েন্স/ ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রনিক্স-এ স্নতাক ডিগ্রী। হার্ডওয়্যার, সফটওয়্যার, কম্পিউটার মেইনটেন্যান্স-এ কাজ করার দক্ষতাসহ নেটওয়ার্ক ম্যানেজমেন্টে ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বেতন-৯৬০০ থেকে ২৪০০০ টাকা। যোগাযোগের শেষ তারিখ-৩০শে এপ্রিল।

যোগাযোগ-প্রো-ভাইস চ্যান্সেলর, নর্থ সাউথ ইউনিভার্সিটি। ১২, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩। (তথ্যসূত্রঃ প্রথম আলো-১২ই এপ্রিল) ❏ গ্রন্থনা-তথ্যপ্রযুক্তি ডেস্ক